# বান্দরবানে রেইচা-গোয়ালিখোলা সাঙ্গু নদীর উপর নির্মিত পিসি গার্ডার ব্রিজ

## উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক — ১৪ নভেম্বর ২০২৩ ৭:৪৬ অপরাহ্ন




বান্দরবানে রেইচা-গোয়ালিখোলা সাঙ্গু নদীর উপর নির্মিত পিসি গার্ডার ব্রিজ পরিদর্শন করেন বান্দরবানের জেলা

প্রশাসক শাহ্ মোজাহিদ উদ্দিন। ছবি-পাহাড়বার্তা

60
শেয়ার

শেয়ার

টুইট




প্রধানমন্ত্রী শেখ হাসিনার আনুষ্ঠানিক উদ্বোধনের মাধ্যমে যাত্রা শুরু করলো বান্দরবানের রেইচা-গোয়ালিখোলা সাঙ্গু নদীর উপর নির্মিত ২২০মিটার দৃষ্টিনন্দন পিসি গার্ডার ব্রিজ।

আজ মঙ্গলবার (১৪ নভেম্বর) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্ত হয়ে একদিনে দেশের ১৫৭টি উন্নয়ন প্রকল্পের আওতায় ১০হাজার ৪১টি অবকাঠামোর সমন্বিত উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২৪টি মন্ত্রণালয়ের আওতাধীন এসব প্রকল্পের ব্যয় প্রায় ৯৭ হাজার ৪৭১ কোটি টাকা। এসময় গণভবনের সঙ্গে ৬৪টি জেলা প্রশাসকের কার্যালয়সহ সারা দেশের ১০১টি প্রান্ত ভিডিও কনফারেন্সে যুক্ত ছিল।

এদিকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বান্দরবানের রেইচা-গোয়ালিখোলা সাঙ্গু নদীর উপর নির্মিত ২২০মিটার পিসি গার্ডার ব্রিজটি উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।

ভিডিও কনফারেন্সের বান্দরবান প্রান্তে জেলা প্রশাসক কার্যালয়ের সভাকক্ষে উপস্থিত থেকে যুক্ত ছিলেন বান্দরবানের জেলা প্রশাসক শাহ্ মোজাহিদ উদ্দিন। এসময় পুলিশ সুপার সৈকত শাহীন, অতিরিক্ত জেলা প্রশাসক মো.সাইফুল ইসলাম, পৌরসভার মেয়র মো.সামুসুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা উম্মে হাবীবা মীরা, সদর উপজেলা চেয়ারম্যান একেএম জাহাঙ্গীর,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বান্দরবানের নির্বাহী প্রকৌশলী মো.জিয়াউল ইসলাম মজুমদার, প্রেসক্লাবের সভাপতি আমিনুল ইসলাম বাচ্চু, সাধারণ সম্পাদক মিনারুল হকসহ সরকারি বিভিন্ন দফতরের উর্ধতন কর্মকর্তা এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

এই বিষয়ে আরও

সীমান্তে আরো ২টি অবিস্ফোরিত রকেট লাঞ্চার উদ্ধার

বিডি ক্লিন সদস্যদের হাতে পরিষ্কার

হলো আবর্জনার ভাগাড় ম্যাকছি খাল

paharbarta .COM
পাহাড়ের প্রতি মুহূর্তের বার্তা

প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্স শেষে জেলা প্রশাসকসহ প্রশাসনের কর্মকর্তারা বান্দরবানের রেইচা-গোয়ালিখোলা এলাকায় সাঙ্গু নদীর উপর নির্মিত মনোরম ও আধুনিকমানের ২২০মিটার পিসি গার্ডার ব্রিজটি পরিদর্শন করেন এবং স্থানীয় বাসিন্দাদের সাথে সংক্ষিপ্ত মতবিনিময় সভা করেন।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বান্দরবানের নির্বাহী প্রকৌশলী মো.জিয়াউল ইসলাম মজুমদার জানান, বান্দরবানের রেইচা-গোয়ালিখোলা এলাকায় সাঙ্গু নদীর উপর নির্মিত মনোরম ও আধুনিকমানের ২২০ মিটার পিসি গার্ডার ব্রিজটি প্রধানমন্ত্রী আনুষ্ঠানিক উদ্বোধনের মাধ্যমে এই ব্রিজের যাত্রা শুরু হলো।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বান্দরবানের বাস্তবায়নে প্রায় ১৪কোটি ১০লক্ষ টাকা ব্যয়ে এই ব্রিজটি উদ্বোধনের ফলে রেইচা, গোয়ালিখোলা,চেমী,শামুকঝিড়ি ও ডলপুাড়ার স্থানীয় বাসিন্দাদের দীর্ঘদিনের কষ্ট লাঘব হয়েছে।

তিনি আরো জানান, ব্রিজটি নির্মাণের ফলে বান্দরবান, কক্সবাজার, চট্টগ্রাম আর রাঙ্গামাটির সড়ক পথের দুরত্ব কমার পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের দীর্ঘদিনের কষ্ট লাঘব হবে। নতুন এই ব্রিজ চালু হওয়ায় ফলে কৃষি-অকৃষিজ পণ্য পরিবহণ ও বাজারজাতকরণ সহজ হয়েছে এবং এলাকার উন্নয়ন ও আর্থ সামাজিক অবস্থার আরো ব্যাপক উন্নয়ন সাধিত হবে।



60
শেয়ার

শেয়ার

টুইট

উদ্বোধন | গোয়ালিখোলা | প্রধানমন্ত্রী | বান্দরবান | রেইচা | সাঙ্গু নদী






আগে
রুমায় ক্ষতিগ্রস্থ ৫ হাজার টাকা করে পেলেন ২১৫ পরিবার

পরে
চন্দ্রঘোনায় ২০ লিটার চোলাই মদ সহ একজন আটক

## আরও পড়ুন

সীমান্তে আরো ২টি অবিস্ফোরিত রকেট লাঞ্চার উদ্ধার

বিডি ক্লিন সদস্যদের হাতে পরিষ্কার হলো আবর্জনার ভাগাড় ম্যাকছি খাল

তুমব্রু সীমান্তের সড়কে পড়ে আছে রকেট লাঞ্চার ও মর্টারশেল

বান্দরবানে বক্সিং প্রতিযোগিতা

বান্দরবান আইনজীবী সমিতির সভাপতি কালাম, সম্পাদক বাসিং থোয়াই

বান্দরবানে সড়ক কার্পেটিংকরন কাজের ভিত্তিপ্রস্তর উদ্বোধন

সার্চের জন্য লিখুন এখানে... সার্চ

## বান্দরবান'র অন্যান্য সংবাদ


- দেশের সুউচ্চ সড়কে সশস্ত্র সন্ত্রাসীরা তৎপর : আতংকে পর্যটকরা
- বান্দরবানের শিক্ষিকা জয়নবের আকুতি
- বান্দরবানের থানচিতে চরম খাদ্য সংকটে আদিবাসীরা
- বান্দরবানে বৌদ্ধ ভিক্ষু হত্যা রহস্য উন্মোচনে তিন বিষয়ে নজর পুলিশের
- ফোনে কথা বলছে পুলিশের এসআই, তাই...
- পাহাড়ের উন্নয়নে ১২৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ চেয়ে বীর বাহাদুরের চিঠি
- নির্বিচারে পানির উৎস ধ্বংস, পানি সংকটে বান্দরবান
- সমস্যায় জর্জরিত রুমা বাজার আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়
- লামায় পাহাড় ধসের ঝুঁকিতে ৪ হাজার পরিবার
- বান্দরবানে রুমায় অনাথালয়ের ছাত্রীনিবাসের পাকা ভবন জরুরি


## পাহাড়বার্তা আর্কাইভ

মাস নির্বাচন করুন ▾

## সাম্প্রতিক


- সীমান্তে আরো ২টি অবিস্ফোরিত রকেট লাঞ্চার উদ্ধার
- বিডি ক্লিন সদস্যদের হাতে পরিষ্কার হলো আবর্জনার ভাগাড় ম্যাকছি খাল
- তুমব্রু সীমান্তের সড়কে পড়ে আছে রকেট লাঞ্চার ও মর্টারশেল
- বান্দরবানে বক্সিং প্রতিযোগিতা
- মাটিরাঙ্গা বিদেশী সিগারেট ও চকলেট জব্দ
- কাপ্তাইয়ে ইয়াবা সহ একজন আটক
- স্মার্ট বাংলাদেশ গড়ার কাজে ছাত্র-ছাত্রীদের আত্মনিবেদন করতে হবে : পার্বত্য প্রতিমন্ত্রী

বান্দরবান আইনজীবী সমিতির সভাপতি কালাম, সম্পাদক বাসিং থোয়াই

সম্পাদক

নির্বাহী সম্পাদক

প্রধান কার্যালয়



© 2024 - PaharBarta.com. All Rights Reserved.

Website Design: DigitB